

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাবুগঞ্জ, বরিশাল।

বিজ্ঞপ্তি

“জয়িতা অন্বেষণে বাংলাদেশ”

সমাজের সকল বাধা বিপত্তি দূর করে জীবন সংগ্রামে জয়ী হয়েছেন যে নারী তিনিই হচ্ছেন “জয়িতা”। মহিলা বিষয়ক অধিদপ্তর হতে “আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ” এবং “বেগম রোকেয়া দিবস- ২০২৩” উদযাপনে সম্মাননা প্রদান উপলক্ষে ৫টি ক্যাটাগরীতে বাবুগঞ্জ উপজেলার সকল ইউনিয়ন হতে আগ্রহী ও যোগ্য নারীদের “জয়িতা” নির্বাচনের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

** ক্যাটাগরী সমূহ **

- ১। অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী।
- ২। শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- ৩। সফল জননী নারী।
- ৪। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোগে জীবন শুরু করেছেন যে নারী।
- ৫। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

** শর্তাবলী **

- ১। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে যা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাবুগঞ্জ হতে সংগ্রহ করতে হবে।
- ২। আবেদনকারী অবশ্যই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমাণক হিসাবে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। জীবনযুদ্ধ এবং পরবর্তীতে সফলতার বিষয়টি আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনকারীর ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

আগ্রহী আবেদনকারীগণকে আগামী ৩১/১০/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে বাবুগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

(শামীমা ইয়াসমিন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বাবুগঞ্জ, বরিশাল।